37

# চ.বি'র ভিসির বিবিধ অপকর্মের বিরুদ্ধে অসহযোগ আন্দোলনে যাচ্ছে শিক্ষক সমিতি

**কাগজ প্রতিবেদক ঃ** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভিসির বিভিন্ন কার্যকলাপ, অনিয়ম ও বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ লংঘনের অভিযোগে অসহযোগ আন্দোলনের ডাক দিতে যাচ্ছে। আগামী ১৫ দিনের মধ্যে শিক্ষকদের বিভিন্ন দাবি মানা না হলে ২১ নভেম্বর থেকে শিক্ষকরা ভিসি'র বিরুদ্ধে লাগাতার ধর্মঘটের ডাক দেবে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সাধারণ সভা থেকে এ হুঁশিয়ারি উচ্চারণ করা হয়।

সূত্র জানায়, জামাত-শিবিরের দাবির মুখে সিনেট কর্তৃক সর্বোচ্চ ভোটে নির্বাচিত ভিসি আলমগীর সিরাজকে অপসারণ করে সরকার বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লংঘন করে বর্তমান ভিসি রফিকুল ইসলাম চৌধুরীকে নিয়োগ দেয়। এমনকি ছাত্র মৈত্রী নেতা মেধাবী ছাত্র ফারুক হত্যাকারীদের শিক্ষক হিসেবে নিয়োগ করেন। আগামী ২৯ ডিসেম্বর ভিসির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। এক সূত্র আভাস দিয়েছে, গত বছর ক্যাম্পাসে ছাত্রদল নেতা মূল হত্যাকারিরা শিক্ষক হিসেবে নিয়োগ লাভে গোপন তৎপরতা শুরু করেছে। বর্তমান ভিসি বহাল থাকলে তাদের এ উদ্দেশ্য সফল হবে এতে কোনো সন্দেহ নেই।

এদিকে ভিসি কতিপয় সুবিধাবাদীর পদোন্নতি, বিশেষ সুযোগ সুবিধা দিয়ে তার পক্ষে নিতে সমত হয়েছে।

গত ৪ বছরে তিনি অসংখ্য শিক্ষককে বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লংঘন করে পদোন্নতি দিয়েছেন। গত ২৫ অক্টোবর ইতিহাস বিভাগের জনৈক সহযোগী অধ্যাপককে 'অধ্যাপক' পদে পদোন্নতি দিলে শিক্ষকদের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। সূত্র জানায়, আজ প্রোভিসি'র নেতৃত্বে এক শিক্ষক প্রতিনিধি দল বিশ্ববিদ্যালয়ের বিরাজমান সমস্যা নিয়ে আলোচনার জন্যে চ্যান্সেলরের (প্রধানমন্ত্রী) সঙ্গে দেখা করবেন।